

দ্বিতীয় পত্র—২০১১

পূর্ণমান—১০০

(৪, ৫, ১০ এবং ১৫ মানের উত্তর যথাক্রমে অনধিক ৭৫, ১০০, ২০০ এবং ৩০০ শব্দের মধ্যে লিখতে হবে)

১। (ক) মিশ্রবৃত্ত বা তানপ্রধান ও অক্ষরবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ১০

অথবা, (খ) দৃষ্টান্তসহ যে-কোন দুটি বিষয় টীকা লেখো : ৫+৫
অক্ষর ও মাত্রা, পর্ব, মুক্তক ছন্দ, অমিত্রাক্ষর ছন্দ, যতি।

২। যে-কোনো দুটি অংশের ছন্দোলিপি প্রণয়ন করো : ৫×২

(মাত্রা, পর্ব, পদ, পংক্তি, লয় ও রীতি উল্লেখ করা আবশ্যিক)

(ক) গগনে অব ঘন মেহ দারুণ
সঘনে দামিনী চমকই।

কুলিশ-পাতন শব্দ বান বান
পবন খরতর বলগই।।

(খ) স্মৃতির বালুচরে মুখেরা ভিড় করে
কেন যে ভিড় করে? আমি তো ক্লান্ত।
এখানে নদীপারে গোধূলি গান ধরে
আকাশ নীলে নীল; হৃদয় শান্ত।

(গ) আমি ক্লান্ত প্রাণ এক, চারিদিকে জীবনের সমুদ্র সফেন,
আমারে দু-দন্ড শাস্তি দিয়েছিলো নাটোরের বনলতা সেন।

(ঘ) কেশে আমার পাক ধরেছে বটে,
তাহার পানে নজর এত কেন?
পাড়ার যত ছেলে এবং বুড়ো,
সবার আমি এক বয়সী জেনো।

(ঙ) যুদ্ধের দামামা উঠল বেজে।
ওদের ঘর হল বাঁকা, চোখ হল রাঙা;
কিড়মিড় করতে লাগল দাঁত।
মানুষের কাঁচা মাংসে যমের ভোজ ভরতি করতে
বেরোল দলে দলে।

৩। (ক) উপমা অলংকার কাকে বলে? এই অলংকারের বিভাগগুলির নাম উল্লেখ করে উদাহরণসহ দুটি প্রকারভেদের ব্যাখ্যা করো। ৪+৩+৮

অথবা, (খ) যে-কোন তিনটি অলংকারের সংজ্ঞা দাও ও দৃষ্টান্তসহ স্বরূপ ব্যাখ্যা করো : ৫×৩

শ্লেষ, বক্রোক্তি, দৃষ্টান্ত, বিরোধ ব্যাজস্ততি।

- ৪। যে-কোন দুটি অংশের অলংকার নির্ণয় কর : ৫+৫
- (ক) চুল তার কবেকার অঙ্ককার বিদিশার নিশা।
- (খ) শুনিতেছি আজো আমি প্রাতে উঠিয়াই।
‘আয় আয়’ কাঁদিতেছে তেমনি সানাই।
- (গ) পড়ুক দু ফোঁটা অশ্রু জগতের পরে
যেন দুটি বাষ্মীকির শ্লোক।
- (ঘ) চোখে চোখে কথা নয় গো, বন্ধু
আগুনে আগুনে কথা।
- (ঙ) পিপীড়ার পাখা ওঠে মরিবার তরে
কাহার ষোড়শী কন্যা আনিয়াছ ঘরে ॥
- ৫। (ক) “ঘরের বাহিরে দণ্ডে শতবার
তিলে তিলে আইসে যায়”

—এটি কোন্ পর্যায়ের অন্তর্ভুক্ত? রচয়িতা কে? এই পর্যায়ের বৈশিষ্ট্য কীভাবে পদটির মধ্যে প্রকাশিত হয়েছে তা উক্ত পদ অবলম্বনে লেখো। ১+১+১০

অথবা, (খ) অভিসার-এর সংজ্ঞা লেখো। এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে? তোমার পাঠ্য এই পর্যায়ের একটি পদ অবলম্বনে তাঁর রচনা-বৈশিষ্ট্যের পরিচয় দাও। ৩+১+৮

- ৬। (ক) “এ সখি হামারি দুখের নাহি ওর।
ও ভরা বাদর মাহ ভাদর
শূন্য মন্দির মোর ॥”

— পদকর্তা কে? পদটি কোন্ পর্যায়ের অন্তর্গত? উদ্ধৃত অংশটির মর্মার্থ ব্যাখ্যা করো। ১+১+২

অথবা, (খ) “অভিনব হেম কল্পতরু সঞ্চর
সুরধুনী-তীরে উজোর ॥”

— পদকর্তা কে? পদটি কোন্ পর্যায়ের অন্তর্গত? অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

- ৭। (ক) ‘গ্রন্থ উৎপত্তির কারণ’ এবং ‘ফুল্লরার বারমাসের দুঃখ’ —

অংশ দুটির জন্য মুকুন্দকে দুঃখবাদী কবিরূপে অভিহিত করা যায় কিনা আলোচনা করো। ১৪

অথবা, (খ) মুরারি শীল চরিত্র অঙ্গনে কবি মুকুন্দের বিশেষত্ব নিরূপণ করো। ১৪

- ৮। (ক) “একটি অঙ্গুরী নিলে হবে কোন কাম।
সারিতে নারিবে প্রভু ধনের দুর্নাম ॥”

— উক্তিটি কার? কাকে বলা হয়েছে? এই অংশে বক্তার চরিত্রের কোন্ দিকটি প্রকাশিত হয়েছে? ১+১+২

অথবা, (খ) “কহিতে জানিস বেটা কপট প্রবন্ধ।

হৃদয়ে পূরিতে বিষ মুখে মকরন্দ।।”

— কে, কাকে কথাগুলি বলেছে? উক্তিটির ভিতর দিয়ে উদ্দিষ্ট ব্যক্তির চরিত্রের কোন্ দিকটির আভাস পাওয়া যায়? ২+২

৯। (ক) “শাক্ত কবিরা ছিলেন মাতৃহৃদয়ের সুনিপুণ শিল্পী।”

— তোমাদের পাঠ্য ‘আগমনী’ ও ‘বিজয়া’ পর্যায়ে পদ অবলম্বনে দৃষ্টান্ত সহযোগে উক্তিটি বিচার করো। ১২

অথবা, (খ) ‘ভক্তের আকৃতি’ পর্যায়ে কবি রামপ্রসাদ সেনের কৃতিত্ব পাঠ্যপদ অবলম্বনে বিচার করো। ১২

১০। (ক) “খলের প্রধান যত, কে আছে তোমার মত —

আপনি হইয়ে হত, বধ রে পরেরি প্রাণ।”

— কে, কাকে ‘খলের প্রধান’ বলে অভিহিত করেছে? খলের প্রধান কীভাবে নিজে ‘হত’ হয়? কী উপায়েই বা সে পরের প্রাণ বধ করে? ১+১+২

অথবা, (খ) “ভবের গাছে বেঁধে দিয়ে মা, পাক দিতেছ অবিরত।

তুমি কি দোষে করিলে আমায়, ছ’টা কলুর অনুগত।।”

— পদকার ও পর্যায়ে নাম উল্লেখ করো। ‘ছ’টা কলু’ বলতে কী বোঝানো হয়েছে?

১১। রোল : নং

নিম্নলিখিত কপিটি দেখে প্রফ কপিটি সংশোধন করো। মূল কপি ও সংশোধিত প্রফ কবি উত্তরপত্রে অবশ্যই যুক্ত করে দেবে। রোল নং অবশ্যই যথাস্থানে লিখবে। ৫

মূল কপি

নক্ষত্রের চলাফেরা ইশারায় চারিদিকে উজ্জ্বল আকাশ;

বাতাসে নিলাভ হ’য়ে আসে যেন প্রান্তরের ঘাস;

কাঁচপোকা ঘুমিয়েছে — গঙ্গাফড়িং সে-ও ঘুমে;

আম নিম হিজলের ব্যাপ্তিতে প’ড়ে আছো তুমি।

প্রফকপি

নখত্রেরা চলাফেরা ইশারায় চারদিকে উজ্জ্বল আকাশে;

বাসাতে নিলাভ হয়ে আসে যেন প্রান্তরের ঘাসে;

কাঁচপোক ঘুমি য়েছে — গঙ্গাফড়িং সে-ও ঘুমে;

আম-নিম হিজলে ব্যাপ্তিতে তুমি আছো

অথবা, (শুধু দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)

নীচের বানানগুলি সংশোধন করো (যে-কোন পাঁচটি) : ৫

আকাঙ্ক্ষা, স্বরস্বতী, প্রতিযোগীতা, মুহূর্ত, সান্তনা, কথপোকথন, অধ্যায়ন, ব্যাথা, দুর্নিত, বাল্মিকি।